



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা),
নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-৭২৭

তারিখ: ০৮ ভাদ্র, ১৪৩০
২৩ অগস্ট, ২০২৩

বিষয়: নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত মাদ্রাসা ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিয়ন্ত্রণাধীন ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্তৃক বাস্তবায়নাধীন নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের আওতায় সারা দেশে ৩০০ সংসদীয় আসনের বিভিন্ন থানা/উপজেলায় নির্বাচিত ১৮০০ মাদ্রাসায় ৪/৬ তলা ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। জুন/২০২৩ তারিখ পর্যন্ত ৬৪৪টি মাদ্রাসার নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে। প্রকল্প থেকে মাঠ পর্যায়ে নিয়মিত ভাবে মনিটরিং করার প্রাক্কালে প্রতীয়মান হয় যে, ইতোমধ্যে যে সকল মাদ্রাসার নির্মাণ সম্পন্ন হয়েছে এবং স্থানীয় মাদ্রাসা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে সে সব মাদ্রাসায় পরিচ্ছন্নতা কর্মী, আয়া, নিরাপত্তাকর্মী, নৈশ প্রহরী ইত্যাদি জনবল থাকা সত্ত্বেও নব নির্মিত মাদ্রাসা ভবন নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন করা হয় না। ওয়াশরুম অপরিষ্কার থাকে। অধিকাংশ বাথরুম ফিটিংস এবং ফ্লাশ কাজ করে না। এ সকল বিষয়ে মাদ্রাসা কর্তৃপক্ষ কোনো পদক্ষেপ নেয় না বরং ঐ বাথরুম পরিষ্কার রাখার জন্য সরকারি সহায়তা চায়। ফলে এক বছর যেতে না যেতেই নতুন ভবনগুলো প্রয়োজনীয় সংরক্ষণের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। ইহা কোনো ভাবেই কাম্য নয়।

এমতাবস্থায় নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের আওতায় সারা দেশে ৩০০ সংসদীয় আসনের বিভিন্ন থানা/উপজেলায় নির্বাচিত ১৮০০ মাদ্রাসা পরিষ্কার পরিচ্ছন্নতাসহ যথাযথভাবে সংরক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এর ব্যত্যয় ঘটলে সরকারি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(Signature)
২৬/০৮/২০২৬

মোঃ জাকির হোসাইন
উপ পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৩

সভাপতি/অধ্যক্ষ/সুপার, নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের আওতায় নির্বাচিত
১৮০০ মাদ্রাসা।

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-৭২৭

তারিখ: ০৮ ভাদ্র, ১৪৩০
২৩ অগস্ট, ২০২৩

সদয় অবগতি/কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
 - ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
 - ৩। জেলা প্রশাসক (সকল)
 - ৪। উপজেলা নির্বাহী অফিসার (...সকল)
 - ৫। জেলা শিক্ষা অফিসার (...সকল)
 - ৬। উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (...সকল)
 - ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- তীর আওতাধীন নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের মাধ্যমে নির্মিত মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

(Signature)
২৬/০৮/২০২৬

মোঃ শাহীনুর ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৮
adm.dmeb@gmail.com